

# জবি দ্বিতীয় ক্যাম্পাসের দুর্নীতি তদন্তসহ শ্বেতপত্র প্রকাশের দাবি

জবি প্রতিনিধি

১৫ নভেম্বর ২০২৪, ১০:৫৯ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) বিদ্যমান পরিস্থিতি নিয়ে বিবৃতি দিয়েছে ইসলামি ছাত্রশিবির। দ্বিতীয় ক্যাম্পাসের চলমান প্রকল্পের কাজে দুর্নীতি বিষয়ে তদন্ত করে শ্বেতপত্র প্রকাশ ও যথাযথ ব্যবস্থা নেওয়াসহ ৬ দাবি জানিয়েছে শাখা ছাত্র শিবিরের নেতারা।

আজ শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের পক্ষে প্রচার সম্পাদক ইব্রাহীম আলী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে দাবি জানিয়ে বলা হয়, অবশিষ্ট ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে মানসম্পন্ন অবকাঠামো নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা; অতি দ্রুত প্রকল্প পরিচালক পদে সৎ ও দক্ষ ব্যক্তিকে নিয়োগ প্রদান ও দায়িত্ব নিশ্চিত করা; অবকাঠামোগত উন্নয়নের পরবর্তী পর্যায়ে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সেনাবাহিনীর মাধ্যমে কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা; শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে বাসা ভাড়া নিয়ে হল হিসেবে ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করা; বিশ্ববিদ্যালয়ের পরিচালন বাজেটের পরিমাণ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় বাজেটের পর্যাপ্ততা নিশ্চিত করা; বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতাধীন হিট প্রকল্পের অন্তর্ভুক্তিকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের চলমান কার্যক্রমের বাস্তবায়ন পর্যালোচনা সভার সাম্প্রতিক সিদ্ধান্তসমূহ অত্যন্ত প্রশংসনীয়। বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার পক্ষ থেকে আমরা এই অর্জনকে শিক্ষার্থীদের আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ সফলতা হিসেবে স্বাগত জানাই। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন ও সার্বিক শিক্ষার মান উন্নয়নসহ বিভিন্ন প্রশাসনিক বিষয়ে বিস্তারিত আলোচনায় সিদ্ধান্ত পাওয়ার পর আমরা আশা করছি, প্রশাসন উল্লিখিত বিষয়গুলোর প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করবেন।